**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 10-08-2025**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

## Headlines :

**(১)** মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা হর ঘর তিরঙ্গা কর্মসূচীকে সফল করতে রাজ্যবাসীর প্রতি আহবান জানিয়েছেন।

**(২)** প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ কেএসআর রেলস্টেশন থেকে তিনটি বন্দে ভারত ট্রেনের যাত্রার সুচনা করেছেন।

**(৩)** প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং আজ মধ্যপ্রদেশে ১,৮০০ কোটি টাকার রেল হাবের ভিত্তিপ্রস্তর স্থাপন করেছেন।

(৪) রাজ্যভিত্তিক ৬৪ তম সুব্রত মুখার্জি কাপ ফুটবল অনূর্ধ্ব পনেরো প্রতিযোগিতায় ত্রিপুরা স্পোর্টস স্কুল চ্যাম্পিয়ন |

************************

**PM Rail :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ কেএসআর রেলস্টেশন থেকে তিনটি বন্দে ভারত ট্রেনের যাত্রার সুচনা করেছেন। এর মধ্যে রয়েছে বেঙ্গালুরু-বেলাগাভি, মাতা বৈষ্ণোদেবী কাটরা-অমৃতসর এবং নাগপুর থেকে পুনে বন্দে-ভারত ট্রেন। প্রধানমন্ত্রী ইয়েলো লাইন মেট্রো পরিষেবা চালু করবেন, যা ইলেকট্রনিক সিটিকে বোমামানহাল্লির সাথে সংযুক্ত করবে। অনুষ্ঠানে

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি বলেছেন, গত ১১ বছরে দেশের অর্থনীতি দশম স্থান থেকে পঞ্চম স্থান করে নিয়েছে। খুব শীঘ্রই ভারতবর্ষ তৃতীয় বৃহত্তর অর্থনৈতিক দেশ হিসেবে পরিগণিত হবে। এছাড়া তিনি শিক্ষা, স্বাস্থ্য পানীয় জল সহ বিভিন্ন ক্ষেত্রে অগ্রগতির কথা বিস্তারিত তুলে ধরেন।

********BYTE ******************

********************

**CM Massage- Har Ghar Tiranga :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা হর ঘর তিরঙ্গা কর্মসূচীকে সারা রাজ্যে সফল করার জন্য রাজ্যবাসীর প্রতি আহবান জানিয়েছেন। আজ আগরতলায় সাংবাদিকদের বলেন, দুই বছর আগে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী হরঘর তিরঙ্গা কর্মসূচীর সূচনা করেছিলেন। যারা দেশের স্বাধীনতা ও সার্বভৌমত্ব রক্ষার জন্য আত্মবলিদান দিয়েছেন তাদের প্রতি সম্মান জানানোর লক্ষে এই কর্মসূচী পালিত হয়ে আসছে। রাজ্যেও

তিনটি পর্যায়ে এই কর্মসূচী পালিত হচ্ছে। আগামী ১৫ আগস্ট স্বাধীনতা দিবস উপলক্ষে রাজ্যের প্রতিটি ঘরে জাতীয় পতাকা উত্তোলন করার আহবান জানিয়েছেন তিনি।

***********BYTE*************

*********************

**Blood donation camp :**

আগরতলার ফায়ার সার্ভিস চৌমুহনীস্থিত সপ্তসিন্ধু দশদিগন্ত ক্লাবের উদ্যোগে আজ এক স্বেচ্ছা রক্তদান শিবিরের আয়োজন করা হয় | উদ্বোধন করেন আগরতলা পুরনিগমের মেয়র দীপক মজুমদার। অনুষ্ঠানের প্রধান অতিথি পর্যটনমন্ত্রী সুশান্ত চৌধুরী বলেন, যুব সমাজকে নেশা মুক্ত করার কাজে ক্লাব ও বিভিন্ন সামাজিক সংস্থা যেভাবে এগিয়ে আসছে, তা সত্যিই প্রশংসনীয়। উপস্থিত ছিলেন আগরতলা পুরনিগমের কর্পোরেটর তুষার কান্তি ভট্টাচার্য ও শিখা ব্যানার্জী, শিবিরে মোট ২৮-জন রক্ত দান করেন।

*********************

**C.M - Har Ghar Tiranga Shibnagar :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ড: মানিক সাহা যুব সমাজকে নেশার হাত থেকে দুরে রাখতে ও ব্লাড ব্যাংকগুলোতে রক্তের পর্যাপ্ত যোগান মজুত রাখতে ক্লাবগুলোকে এগিয়ে আসার জন্য আহ্ববান জানিয়েছেন৷

আগরতলার শিবনগর মডার্ণ ক্লাব ও আমরা তরুন দলের উদ্যোগে আজ শিবনগর এলাকায় হরঘর তিরঙ্গা কর্মসূচীতে যোগদান করে তিনি এই আহ্ববান জানিয়েছেন | মুখ্যমন্ত্রী আজ শিবনগর এলাকায় বাড়ি বাড়ি তিরঙ্গা জাতীয় পতাকা বিতরণ করেন। তাছাড়া তিনি এই ক্লাবের প্রতিষ্ঠা দিবস উপলক্ষে আয়োজিত শিশু উৎসব ও রক্তদান শিবিরের উদ্বোধন করেন। উপস্থিত ছিলেন রাজ্য সভার সদস্য রাজীব ভট্টাচার্য, আগরতলার মেয়র দীপক মজুমদার ও পুর নিগমের পূর্ব জোনের চেয়ারম্যান সুখময় সাহা।

*******************

**All Tripura Blind Committee :**

আগরতলা প্রেস ক্লাবে অল ত্রিপুরা ব্লাইন্ড কমিটির অষ্টাদশ দ্বি-বার্ষিক রাজ্য সম্মেলন আজ অনুষ্ঠিত হয় | উপস্থিত ছিলেন সমাজ কল্যান ও সমাজ শিক্ষামন্ত্রী টিংকু রায়। তিনি বলেন দৃষ্টিহীন প্রতিবন্ধীদেরও সাধারণ মানুষের মতো সুন্দর জীবন অতিবাহিত করার অধিকার রয়েছে। তাদের পাশে থেকে সহযোগিতার দায়িত্ব গ্রহণ করতে হবে সবাইকে। এ দায়িত্বের মাধ্যমে মানব ধর্ম পালিত হবে। সম্মেলনে

তাদের বিভিন্ন দাবি নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়। উপস্থিত ছিলেন তপসিলি জাতি কল্যান মন্ত্রী সুধাংশু দাস সহ অল ত্রিপুরা ব্লাইন্ড কমিটির কার্যকর্তারা।

সম্মেলন শেষে ৪৭ জনের নতুন কমিটি গঠন করা হয়েছে। সভাপতি সাধারণ সম্পাদক এবং কোষাধ্যক্ষ হিসেবে নির্বাচিত হয়েছেন যথাক্রমে ব্রজহরি দেবনাথ সঞ্জয় ধন ভৌমিক এবং সুস্মিতা দত্ত রায়চৌধুরী।

**********************

## Meyor-Blood donation :

আগরতলার মেয়র দীপক মজুমদার আজ রামনগরে মুক্তি সংঘ আয়োজিত রক্তদান শিবিরের উদ্বোধন করেন। অনুষ্ঠানে তিনি বলেন, রাজ্যের ব্লাড ব্যাংকগুলিতে পর্যাপ্ত রক্তের মজুত রাখার জন্য এই ধরনের উদ্যোগ প্রশংসনীয় | তাছাড়া তিনি রামনগর মন্ডলের ৯ নম্বর বুথের উদ্যোগে ও অল ত্রিপুরা ডায়াবেটিস ফোরামের সহযোগিতায় দূর্গা চৌমুনীস্থিত বিপনী বিতানে স্বাস্থ্য শিবির ও রক্তদান শিবিরের উদ্বোধন করেন।

********************

## Swadeshi Jagaran Mancha :

বিদেশি পণ্য ত্যাগ করে স্বদেশী পণ্য গ্রহণের আহ্বান জানিয়ে আজ আগরতলা দূর্গাচৌমুহনি বাজারে এক সচেতনতা সভা আয়োজন করে স্বদেশী জাগরণ মঞ্চ। সংস্থার সদস্যরা পথ চলতি মানুষ ও স্থানীয় দোকানদারদের হাতে লিফলেট তুলে দিয়ে স্বদেশী পণ্যের উপকারিতা ও দেশীয় শিল্পের উন্নয়নে এর ভূমিকা সম্পর্কে সচেতন করেন। সংস্থার মহানগর সংঘটক ইন্দ্রজিত দেব বলেন, বিদেশি পণ্যের ব্যবহার কমিয়ে স্বদেশী পণ্য গ্রহণ করলে দেশের অর্থনীতি শক্তিশালী হবে এবং স্থানীয় কর্মসংস্থান বাড়বে।

******************

**Maan-Ki-Baat :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ৩১-শে আগস্ট, রবিবার সকাল ১১টায় আকাশবাণীর 'মন-কি-বাত' অনুষ্ঠানে দেশ-বিদেশের জনগনের সঙ্গে মতবিনিময় করবেন| এটি হবে 'মন-কি-বাত'-এর ১২৫তম পর্ব| বেলা ১১-টা থেকে আকাশবাণী এবং দূরদর্শনের সবকটি চ্যানেল এবং আকাশবাণীর নিউজ অন এ.আই.আর. ওয়েবসাইট, মোবাইল অ্যাপ, প্রধানমন্ত্রীর

দফতর, তথ্য ও সম্প্রচারমন্ত্রকের ওয়েবসাইট ও ইউটিউব চ্যানেলেও "মন-কি-বাত" সম্প্রচারিত হবে। হিন্দিতে এই অনুষ্ঠান সম্প্রচারিত হবার পরেই আঞ্চলিক ভাষায় এর তর্জমা শোনা যাবে।নিঃশুল্ক নম্বর ১৮০০-১১-৭৮০০ নম্বরে ম্যাসেজ করে কিংবা মাই গভ বা নমো অ্যাপে মতামত জানানো যাবে।

*******************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে|

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং টুয়ইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ|

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন টুয়ইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা

/ ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা|

*****************

**Rajnath Singh :**

প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং আজ মধ্যপ্রদেশে ১,৮00 কোটি টাকার উৎপাদন প্রকল্পের জন্য BEML রেল হাবের ভিত্তিপ্রস্তর স্থাপন করেছেন। রেল কোচ তৈরির 'ব্রহ্মা' হিসাবে বর্ণনা করা এই সুবিধাটি রাইসেন জেলার উমারিয়া গ্রামে ৬0 হেক্টর জমিতে স্থাপন করা হবে। এতে পাঁচ হাজারের বেশি লোকের কর্মসংস্থান হবে বলে আশা করা হচ্ছে। ইউনিটটি বন্দে ভারত, অমৃত ভারত এবং মেট্রো ট্রেনের জন্য কোচ তৈরি করবে।

*****************

**PM flat :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আগামীকাল নয়াদিল্লির বাবা খড়ক সিং মার্গে সংসদ সদস্যদের জন্য ১৮৪টি নবনির্মিত টাইপ-সেভেন বহুতল ফ্ল্যাটের উদ্বোধন করবেন। এই উপলক্ষে প্রধানমন্ত্রী শ্রী

মোদী আবাসিক চত্বরে একটি সিঁদুরের চারা রোপণ করবেন, শ্রমজীবীদের সাথে মতবিনিময় করবেন এবং সমাবেশে ভাষণ দেবেন। প্রধানমন্ত্রীর কার্যালয় জানিয়েছে, প্রতিটি আবাসিক ইউনিট প্রায় পাঁচ হাজার বর্গফুট কার্পেট এলাকায় বিস্তৃত, যা আবাসিক এবং সরকারী উভয় কাজের সুবিধা প্রদান করবে। কমপ্লেক্সের মধ্যে সমস্ত ভবন আধুনিক প্রযুক্তির ব্যবহারে ভূমিকম্প-প্রতিরোধক হিসাবে তৈরি করা হয়েছে।

********************

**Fit India :**

কেন্দ্রীয় ক্রীড়া ও যুব বিষয়ক মন্ত্রী মনসুখ মান্ডাভিয়া আজ বলেছেন, সাইকেল আন্দোলনে ফিট ইন্ডিয়া সানডেস দেশব্যাপী 40 হাজারেরও বেশি জায়গায় সাত লক্ষেরও বেশি অংশগ্রহণকারীকে যুক্ত করেছে। নতুন দিল্লিতে 'সানডেস অন সাইকেল ফিট ইন্ডিয়া' অনুষ্ঠানে অংশ নিয়ে মন্ত্রী একথা বলেন। তিনি স্বাস্থ্যের পাশাপাশি পরিবেশের ক্ষেত্রেও সাইকেল চালানোর বিভিন্ন সুবিধার উপর জোর দেন।

******************

**ISRO :**

ইসরো-র চেয়ারম্যান ডঃ ভি. নারায়ণন বলেছেন, ভারতীয় প্রযুক্তি ক্ষেত্রে সেরা প্রতিভাদের তুলে আনতে ভারতীয় মহাকাশ বিজ্ঞান ও প্রযুক্তি ইনস্টিটিউট গত কয়েক বছরে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে। আজ আই.আই.এস.টি ভ্যালিয়ামালা, তিরুবনন্তপুরমের ১৩-তম সমাবর্তন অনুষ্ঠানে এক ভিডিও বার্তার মাধ্যমে ভাষণ দিতে গিয়ে তিনি বলেন, ভারত বিশ্বে একটি দ্রুত বর্ধনশীল অর্থনীতি এবং এই অর্জনের জন্য ইসরো-র একটি খুব বড় ভূমিকা রয়েছে।

*****************

**Quiz Competition :**

আসন্ন স্বাধীনতা দিবস উপলক্ষে আজ শান্তিরবাজার মহকুমা প্রশাসনের উদ্যোগে মুকুট অডিটোরিয়ামে মহকুমাভিত্তিক কুইজ প্রতিযোগিতার ফাইনাল রাউন্ড অনুষ্ঠিত হয়।

জোলাইবাড়ি ও বকাফা ব্লকভিত্তিক এই প্রতিযোগিতায় মোট ১৬ টি দল অংশ নেন।

***************

## Weather :

আগামীকাল আকাশ সাধারণত মেঘাচ্ছন্ন থাকবে। দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৩ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৬ ডিগ্রি সেলসিয়াস এর কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৪. ২. ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৫. ৪ ডিগ্রি সেলসিয়াস।

******************

## State Level Football :

রাজ্যভিত্তিক ৬৪ তম সুব্রত মুখার্জি কাপ ফুটবল অনুর্ধ পনেরো প্রতিযোগিতায় ত্রিপুরা স্পোর্টস স্কুল চ্যাম্পিয়ন হয়েছে৷ ত্রিপুরা

স্পোর্টস স্কুল তিন-এক গোলের ব্যবধানে খোয়াই দল'কে হারিয়ে দেয়। আজ বিকালে কৈলাশহরের দেওড়াছড়া ADC ভিলেজের বেলকুমবাড়ি সিন্থেটিক ফুটবল মাঠে এই ফাইন্যাল ম্যাচটি অনুষ্ঠিত হয়। রাজ্যের আটটি জেলা থেকে আটটি ও ত্রিপুরা স্পোর্টস স্কুল এর একটি সর্বমোট নয়টি দল এই প্রতিযোগিতায় অংশ নেয়।

**********************

**First Division :**

ত্রিপুরা ফুটবল এসোসিয়েশন পরিচালিত চন্দ্র স্মৃতি ঘরোয়া প্রথম ডিভিশন লিগ ফুটবল প্রতিযোগিতার আজকের খেলায় এগিয়ে চলো সংঘ জয়লাভ করেছে। উমাকান্ত মিনি স্টেডিয়ামে বিকালে অনুষ্ঠিত খেলায় এগিয়ে চলো সংঘ ৬-১ গোলে ফ্রেন্ডস ইউনিয়নকে হারিয়ে দেয়। বিজয়ী দলের উত্তম রাই হ্যাটট্রিক করে।

*****************

********************